

(4)

- (গ) 'কচি সংসদ' গল্পের কেউ চরিত্রের বৈশিষ্ট্যগুলো বিশ্লেষণ করে।

খ—গুচ্ছ

- (ক) 'বড়বাজার' প্রবন্ধে অবলম্বনে কমলাকান্তের বাজার পরিভ্রমণের অভিজ্ঞতা বর্ণনা করে।
- (খ) 'কমলাকান্তের দপ্তর'-এর অন্তর্গত পঠিত প্রবন্ধের আশ্রয়ে বঙ্কিমচন্দ্রের হাস্যরস সৃষ্টির পারদর্শিতা সম্বন্ধে আলোচনা করে।
- (গ) কমলাকান্ত চক্রবর্তী নারীদের কোন ফলের সঙ্গে তুলনা করেছেন? সেই ফলের কোনো কোনো অংশের সঙ্গে তিনি নারীদের যে সব সাদৃশ্য খুঁজে পেয়েছেন তার পর্যালোচনা করে।

3 (Sem-5) BEN M 6

2019

BENGALI

(Major)

Paper : 5.6

Full Marks : 60

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

১। নির্দেশানুযায়ী উত্তর দাও : ১×৭=৭

- (ক) রাজশাহীর তড়িতানন্দ ঠাকুরকে কলেজের ছেলেরা কী বলে ডাকতো?
- (খ) "নগরের উপকণ্ঠে _____ জাবালির পর্ণকুটির।"
(শূন্যস্থান পূরণ করো)
- (গ) চাটুজ্যে মশায়ের মতানুযায়ী অম্বুবাচী নিবৃত্তির সময় কখন?
- (ঘ) 'উলটপুরাণ' গল্পে উল্লিখিত ব্রিটেনের জনসংখ্যার কত শতাংশ মহিলা?
- (ঙ) 'বড়বাজার'-এর মেহেহাটায় মাছের দালাল কে?

(2)

- (চ) “বুঝিয়াছি, লঘুচেতাদিগের মনের বন্ধন চাই; নহিলে মন উড়িয়া যায়।” কোন্ পাঠের অংশ ?
- (ছ) ‘কমলাকান্তের দপ্তর’-এর প্রবন্ধগুলো প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : $২ \times ৪ = ৮$

- (ক) “দেবীর এক হাতে বরাভয়, অপর হাতে সিগারেট।” কার কথা বলা হয়েছে? তাঁর নিবাস কোথায় ?
- (খ) কচি সংসদের প্রেসিডেন্ট ও সেক্রেটারির নাম লেখো।
- (গ) “দোকানদারগণ বিনা ছানায়, শুধু গুড়ে আশ্চর্য্য সন্দেহ করিয়া, সস্তা দরে বিক্রয় করিতেছেন।” এখানে কোন্ দোকানদারদের কথা বলা হয়েছে? প্রকৃতার্থে তারা কী বিক্রি করছিল ?
- (ঘ) ‘মনুযাফল’ প্রবন্ধে দেশী হাকিম ও অধ্যাপক ব্রাহ্মণদের কোন্ কোন্ ফলের সঙ্গে তুলনা করা হয়েছে ?

৩। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৩ = ১৫$

ক—গুচ্ছ

- (ক) নিতাইবাবু কোন্ গল্পের চরিত্র? তিনি কেন সাধু-সন্ন্যাসীর খোঁজ করছিলেন? তিনি যে কজন বাবার সন্ধান পেয়েছিলেন তাঁদের অতি সংক্ষিপ্ত পরিচয় দাও।

20A/193

(Continued)

(3)

- (খ) বকুলাল দত্তের অন্তিম পরিণতি সম্পর্কে আলোকপাত করো।
- (গ) “নতুন সায়েবের তখন হাত ছুটল।” নতুন সায়েব কে? কেন তার হাত ছুটেছিল? এর পরিণতি কী হয়েছিল ?

খ—গুচ্ছ

- (ক) “একজন গব্যরস সৃজন করেন, আর একজন হাস্যরস সৃজন করেন। আমি উভয়ের নিকট বিনামূল্যে বিক্রীত।” কাদের কথা বলা হয়েছে? লেখক কেন এরূপ মন্তব্য করেছেন ?
- (খ) ব্যাখ্যা করো :
“তুমি বসন্তের কোকিল, শীত বর্ষার কেহ নও।”
- (গ) “আমিও—আমি শ্রীকমলাকান্ত চক্রবর্তী স্বয়ং, একদিন খানায় পড়িয়াছিলাম।” কমলাকান্ত কেন খানায় পড়েছিলেন? প্রসঙ্গটি বিবৃত করো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ৩ = ৩০$

ক—গুচ্ছ

- (ক) ‘জাবালি’ গল্প অবলম্বনে ঋষি জাবালির চারিত্রিক বৈশিষ্ট্যের পরিচয় দাও।
- (খ) ‘উলটপুরাণ’ গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

20A/193

(Turn Over)